

**বিয়াম ফাউন্ডেশন এর গত ১৯.০১.২০২৩ খ্রিঃ তারিখের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন
অগ্রগতি প্রতিবেদন**

| ক্রম. নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|----------|--|--|--|
| ১.০ | গত মাসিক সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ; | কোনোরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | বাস্তবায়িত |
| ২.০ | গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ | | |
| | ২.১ বিয়াম ফাউন্ডেশনের অভ্যন্তরীণ কর্মচারি ও বিয়ামের তত্ত্বাবধানে পরিচালিত বিদ্যালয়/কলেজসমূহের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ বিষয়ে আলোচনা; | ক) বিয়াম ফাউন্ডেশনের কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণের কোর্স কারিকুলাম প্রণয়নের জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়ঃ- (১) পরিচালক (প্রশিক্ষণ)- আহবায়ক, পরিচালক (প্রশাসন)- সদস্য, উপপরিচালক (প্রশিক্ষণ)- সদস্য সচিব। কমিটি আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দিবেন। খ) (i) সকল বিয়াম স্কুলের অধ্যক্ষদের নিয়ে ঢাকায় একটি প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (ii) নায়েমের সাথে যোগাযোগ করে বিয়াম স্কুল/কলেজের শিক্ষকদের প্রশিক্ষণের আওতায় আনার ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নঃ পরিচালক (শিক্ষা) | ক) কার্যক্রম চলমান। খ) (i) সিদ্ধান্ত মোতাবেক সকল বিয়াম স্কুলের অধ্যক্ষদের নিয়ে ঢাকায় ১০/০২/২০২৩-১২/০২/২০২৩ তারিখ পর্যন্ত একটি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। (ii) এ বিষয়ে নায়েমের সাথে যোগাযোগ হয়েছে। পত্র প্রেরণের অপেক্ষায় আছে। |
| | ২.২ বিয়ামের আওতাধীন চলমান শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন সংক্রান্ত আলোচনা; | পরিদর্শন সূচি অনুযায়ী সকল স্কুল/কলেজ ছক মোতাবেক পরিদর্শন অব্যাহত রাখতে হবে। সকল পরিচালককে স্কুল/কলেজ পরিদর্শন সম্পন্ন করতে হবে। বাস্তবায়নঃ পরিচালক (শিক্ষা) | সিদ্ধান্ত অনুসারে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম চলমান। পরিচালক (শিক্ষা) সভাকে সর্বশেষ অগ্রগতি অবহিত করতে পারেন। |
| | ২.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে আলোচনা; | অফিস আদেশ মোতাবেক যথাযথ কাজ সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নঃ পরিচালক (সকল) | মার্চ/২০২৩ মাসের শেষ সপ্তাহে ৩য় ত্রৈমাসিক রিপোর্ট প্রস্তুতের লক্ষ্যে প্রশাসন শাখায় তথ্য প্রেরণ করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করা যায়। |
| | ২.৪ সকল শাখায় ই-নথি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা; | ক) সকল নথি হার্ড ফাইলে নিষ্পত্তি না করে ই-নথিতে করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নঃ পরিচালক (সকল) খ) শিক্ষা শাখার নথি ই-নথিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নঃ পরিচালক (শিক্ষা) | ক) ই-নথির কার্যক্রম চলমান রয়েছে। খ) সিদ্ধান্ত অনুসারে ই-নথিতে কাজ শুরু করা হয়েছে। |
| | ২.৫ ডাটা সেন্টারের বর্তমান অবস্থা ও | ক) ডাটা সেন্টার পরিচালনার নিমিত্ত জনবল নিয়োগের লক্ষ্যে সাংগঠনিক কাঠামো | ক) এ বিষয়ে গত ০৭/০২/২০২৩ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সে অনুসারে কার্যক্রম |

| ক্রম. নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|----------|---|---|--|
| | ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা; | প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। ১) পরিচালক (শিক্ষা)- আহ্বায়ক, ২) পরিচালক (প্রশিক্ষণ)- সদস্য, ৩) পরিচালক (প্রশাসন)- সদস্য, ৪) উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য ও ৫) সহকারী প্রোগ্রামার – সদস্য সচিব। এ বিষয়ে গঠিত কমিটি জনবল সংক্রান্ত বিষয়ে মতামত পরবর্তী সভায় উপস্থাপন করবে। খ) ফেব্রুয়ারি/২০২৩ এর মাঝামাঝি সময়ে ডাটা সেন্টার উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন) | চলমান রয়েছে। খ) সিদ্ধান্ত অনুসারে কার্যক্রম চলমান রয়েছে। |
| | ২.৬ বিয়ামের সৌন্দর্য্যবর্ধন সংক্রান্ত আলোচনা; | প্রস্তাবিত সৌন্দর্য্য বর্ধন কাজ দ্রুততম সময়ে এবং পরিচালক ও উপপরিচালকদ্বয়ের অফিস কক্ষ সৌন্দর্য্য বর্ধনের গৃহীত উদ্যোগ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন) | ২য় তলার লবি ও করিডোর এর সৌন্দর্য্য বর্ধনের কাজ চলমান রয়েছে। অফিস কক্ষের সৌন্দর্য্য বর্ধন বিষয়ে সহকারী প্রকৌশলী সভায় অগ্রগতি উপস্থাপন করতে পারেন। |
| | ২.৭ বিয়াম ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদে আবাসন নীতিমালা প্রণয়ন; | গঠিত কমিটি দ্রুত আবাসন নীতিমালা চূড়ান্ত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন) | খসড়া প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। |
| | ২.৮ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের বিভিন্ন কার্যক্রম সম্পর্কিত আলোচনা; | আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের বিভিন্ন ট্রুটি দ্রুত নিরসন এবং Ideal Condition ঠিক রাখাসহ প্রতিনিয়ত মনিটরিং বাড়তে হবে মর্মে সিদ্ধান্ত হয়। এ বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য বলা হয়। বাস্তবায়নঃ পরিচালক, (কক্সবাজার) | এ বিষয়ে পরিচালক, কক্সবাজার কর্তৃক সভায় অগ্রগতি উপস্থাপন করতে পারেন। |
| | ২.৯ অর্থ মন্ত্রণালয়ের ব্যয় সংকোচন নীতিমালা বিষয়ক আলোচনা; | অর্থ মন্ত্রণালয়ের ব্যয় সংকোচন নীতিমালা মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ পরিচালক (সকল) | অনুসরণ করা হয়েছে। |
| | ২.১০ বিয়াম ফাউন্ডেশন এর আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমেটরী ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ভবনের ফ্লোর প্লান বিষয়ক আলোচনা; | বিয়াম ফাউন্ডেশন এর আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমেটরী ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ফ্লোর প্লান পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক | ফ্লোর প্লান বোর্ড সভায় উপস্থাপনের জন্য প্রস্তুত রয়েছে। |
| | ২.১১ ঢাকায় পদায়নকৃত কর্মকর্তাদের বিয়াম হোস্টেলে অবস্থান প্রসঙ্গে আলোচনা; | নীতিমালা অনুসারে কর্মকর্তাদের হোস্টেলে অবস্থানের বিষয়টি কঠোরভাবে মনিটরিং করতে হবে। ও প্রতি সভায় উপস্থাপন করতে হবে। বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন) | অনুসরণ করা হচ্ছে। পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করা হবে। |
| | ২.১২ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে স্টাফ | দ্রুত মাস্টার প্লান করার উদ্যোগ নিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ পরিচালক, (কক্সবাজার) | সিভিল এভিয়েশনকে হাইট নির্ধারণ পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে যোগাযোগ করা হচ্ছে। |

| ক্রম. নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|----------|---|---|--|
| | কোয়ার্টার এবং পরিচালকের বাসভবন নির্মাণ সংক্রান্ত; | | |
| ৩.০ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর খসড়া প্রণয়ন বিষয়ক আলোচনা; | বিয়াম ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর খসড়া প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ ১) পরিচালক (শিক্ষা)- আহ্বায়ক, ২) পরিচালক (প্রশিক্ষণ)- সদস্য, ৩) পরিচালক (অর্থ)-সদস্য, ৪) পরিচালক (প্রশাসন)- সদস্য ও ৫) উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য সচিব। কমিটি ২০ ফেব্রুয়ারির মধ্যে এটি প্রণয়ন করবেন। | বিয়াম ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর খসড়া প্রাথমিকভাবে প্রস্তুত করা হয়েছে। কমিটি কর্তৃক ১৫ দিনের মধ্যে যাচাই-বাছাই করে চূড়ান্ত করা হবে। |
| ৪.০ | বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক আলোচনা; | বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ডের ৭৩তম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নঃ পরিচালক (সকল) | অনুসরণ করা হচ্ছে। |
| ৫.০ | ক্যাটারিং সার্ভিস চালু করা বিষয়ে আলোচনা; | বিয়ামে প্রস্তুতকৃত ফাস্টফুড ও খাবার বাহিরে সরবরাহ করার বিষয়টি যাচাই- বাচাইয়ের জন্য নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। ০১। পরিচালক (প্রশিক্ষণ)- আহ্বায়ক ০২। পরিচালক (প্রশাসন)- সদস্য ০৩। উপপরিচালক (প্রশিক্ষণ, গবেষণা ও মূল্যায়ন)-সদস্য ০৪। ক্যান্টিন ম্যানেজার- সদস্য সচিব কমিটি পরবর্তী ৩ সপ্তাহের মধ্যে প্রতিবেদন প্রস্তুত করবেন। | গঠিত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে কাজ চলমান রয়েছে। |
| ৬.০ | বিবিধ: | | |
| | ক) কাজ নাই মজুরী নাই ভিত্তিতে কর্মরত ড্রাইভারদের ওভারটাইম প্রদানের বিষয়টি গাড়াচালকদের অতিরিক্ত ভাতা প্রদান বিষয়ক আলোচনা; | কাজ নাই মজুরী নাই ভিত্তিতে কর্মরত ড্রাইভারদের ওভারটাইম প্রদানের বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। ১) পরিচালক (অর্থ)- আহ্বায়ক ২) পরিচালক (প্রশাসন)- সদস্য ৩) উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য সচিব | গঠিত কমিটি কাজ নাই মজুরী নাই ভিত্তিতে কর্মরত ড্রাইভারদের ওভারটাইম প্রদানের বিষয়টি আরও পরীক্ষা-নিরীক্ষার জন্য রয়েছে। |
| | খ) কোর্স মডিউল তৈরী বিষয়ক আলোচনা; | খ) পরিচালক (সকল) এবং উপপরিচালক (সকল) এর অংশগ্রহণের ভিত্তিতে কোর্স গাইড লাইন প্রস্তুত করতে হবে। | প্রশিক্ষণ শাখা হতে অগ্রগতি সভায় উপস্থাপন করবেন। |